# U.G. 5th Semester Examination - 2021

# BENGALI

## Course Code: BBNGGERT5

## Course Title: আধুনিক বাংলা সাহিত্য পাঠ

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'রাস্তা কারও একার নয়' কবিতায় 'ভাড়াটে জল্লাদ' কারা?

খ) কবি শামসুর রহমানের 'ঘুমের বাগানে' বর্ণমালা কীভাবে আসে?

গ) সরলার মা-র ঘরবাড়ি কে কিনে নিয়েছিল?

ঘ) বলাই-এর প্রাণের দোসর কী?

ঙ) গফুর কার কাছে তার পিতলের থালাটি বন্ধক রেখেছিল?

চ) 'আদাব' গল্পে উল্লেখিত ফাঁড়ি ও ঘাটের নাম কী?

ছ) 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পে সোনা ব্যাঙ ও কোলা ব্যাঙ কারা?

জ) 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পটির লেখক কে?

ঝ) 'কোথা লবে মোরে!' — বক্তা কে?

ঞ) 'কর্ণ-কুন্তী-সংবাদ' - এ কর্ণ প্রথমে কীভাবে কুন্তীকে সম্বোধন করেছেন?

[পরের পাতায়]

ট) কর্ণের পালক পিতা মাতার নাম লেখো।

ঠ) বসন্ত নিতাই কবিয়ালকে কী নামে ডাকত?

ড) আলেপুরের মেলা কোন্ তিথিতে বসে?

ঢ) তারাশঙ্কর 'কবি' উপন্যাসটি কাকে উৎসর্গ করেন?

ণ) রাজনের ছেলেকে নিতাই কী নামে ডাকত?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'সেই সাধনার যে আরাধনার/যজ্ঞশালায় খোলা আজি দ্বার' —কোন্ সাধনার কথা বলা হয়েছে? কবির আহ্বান কী?

খ) 'ধর্ম যখন বিজ্ঞানকে বলে....' — ধর্ম বিজ্ঞানকে কী বলে? কেন বলে?

গ) 'ওর সবচেয়ে বিপদের দিন' — বিপদের দিন কার এবং কেন?

ঘ) 'ভাবছো কী অত? উপড়ে ফেলো বলছি।' — এটি কার উক্তি? কী উপড়ে ফেলার কথা বলা হয়েছে?

ঙ) 'ফিরাতে এসেছি তোরে নিজের অধিকারে...'— কোন্ স্থানে কার প্রতি এই উক্তি?

চ) 'শুধু এই আশীর্বাদ দিয়ে যাও মোরে...' — কে এবং কোন্ আশীর্বাদের কথা বলেছেন?

ছ) 'আঁস্তাকুড়ের এটো পাতা সর্গগে যাবার আশা গো' — কে কাকে একথা বলেছেন?

জ) 'তোর নজরেই কচি মেয়েটার আজ এই অবস্থা' — কার উক্তি? 'কচি মেয়ে' কে?

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'ভারততীর্থ' কবিতায় যে সম্প্রীতির কথা বর্ণিত হয়েছে তা সংক্ষেপে লেখো।

খ) 'আমি রব নিষ্ফলের হতাশের দলে' — কে কাকে একথা বলেছেন? বক্তার এরূপ অভিপ্রায়ের কারণ কী?

গ) বসনের মৃত্যু নিতাইকে কীভাবে প্রভাবিত করেছিল তা আলোচনা করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) 'কবি' উপন্যাসে ঝুমুর দলের গুরুত্ব আলোচনা করো।

খ) 'কর্ণকুন্তী সংবাদ' নাট্যকাব্যে রবীন্দ্রনাথ কর্ণ চরিত্রকে যেভাবে উপস্থাপিত করেছেন আলোচনা করো।

গ) 'মহেশ' গল্পে তৎকালীন সামাজিক অসঙ্গতির যে পরিচয় রয়েছে তা আলোচনা করো।

—————